# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম ঃ **নভেম্বর/২০২১ইং**

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিস্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | ৩ মাসের উর্দ্ধে | ৬ মাসের উর্দ্ধে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২টি | নাই | ২টি | ২টি | <u>পূর্বের মাসের ১টি সহ নিস্পত্তিকৃত ২টি অভিযোগের বিবরণঃ</u><br>১। জনাব মোঃ মিলাদুন্নবী, নক্সাবিদ, পরিকল্পনা ও নক্সা সার্কেল, প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (বর্তমান কর্মস্থলঃ প্রেষনে বাঘাবাড়ী নদী বন্দর, বিআইডব্লিউটিএ, বাঘাবাড়ী) সপ্তাহে ২(দুই) দিন বাড়ী থেকে এসে অফিস করেন, অবশিষ্ট ৫(পাঁচ) দিন বাড়ীতে থেকে সরকার বিরোধী মিছিল মিটিং সহ বিভিন্ন কর্মকান্ডের সাথে জড়িত থাকেন, মাদক সেবন সহ মাদকের ব্যবসা করেন, জমির দালালী ও সুদের কারবার করেন মর্মে বিভিন্ন অভিযোগ করে জনাব নাদিয়া ইয়াসমিন জলি, জাতীয় সংসদ সদস্য, আসন নং-৩৪২/৪২, বাংলাদেশ জাতীয় সংসদ ও সদস্য, রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি এবং সভাপতি, বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ, পাবনা জেলা শাখা কর্তৃক গত ২৭/০৭/২০২১ইং তারিখ কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর একটি পত্র দাখিল করা হয়। উক্ত পত্রে বর্ণিত অভিযোগগুলো সর্ম্পকে তথ্যানুসন্ধান করতঃ প্রতিবেদন দাখিলের নিমিত্ত জনাব খাজা সাদিকুর রহমান, সহকারী পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মিলাদুন্নবী'র বিরুদ্ধে আনীত অভিযোগের কোন সত্যতা পাওয়া যায়নি মর্মে মতামত প্রদান করায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ১৭/১১/২০২১ইং তারিখে উক্ত অভিযোগটি নিস্পন্ন করা হয়।<br>২। খুলনা জেলার দাকোপ উপজেলাধীন নলিয়ান লঞ্চঘাটের ইজারাদার কর্তৃক যাত্রীদের নিকট হতে অতিরিক্ত অর্থ আদায়ের প্রতিকার চেয়ে জনৈক জনাব জি, এম আনিসুজ্জামান কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বরাবর একটি অভিযোগ পত্র দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়ে নলিয়ান লঞ্চঘাটের ইজারাদার জনাব মোহাঃ আবদুস সবুর মোড়ল-কে বিআইডব্লিউটিএ'র রেইট চার্ট অনুযায়ী যাত্রীদের নিকট হতে টোল/শুল্ক আদায় করার জন্য | <u>১টি নতুন অভিযোগের বিবরণ ঃ</u><br>জনাব মোঃ আব্দুস সালাম, লিডসম্যান, হাইড্রোগ্রাফি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এবং জনাব আল মামুন মুন্নু , মার্কম্যান, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা উভয়েরেই স্থায়ী ঠিকানাঃ গ্রাম-পুনাইল, পোঃ দড়গ্রাম, উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ। উল্লিখিত ২(দুই) জন কর্মচারীর বিরুদ্ধে গ্রামবাসীর পক্ষে জনৈক জনাব মোঃ লাল মিয়া কর্তৃক কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বরাবর একটি অভিযোগ পত্র দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয়, বর্ণিত ২(দুই) জন কর্মচারী দীর্ঘ দিন যাবৎ অফিস না করে বাড়ীতে বসে সরকারী সকল সুযোগ-সুবিধা ভোগ করছেন। এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গের বিরুদ্ধে মিথ্যা মামলা এবং এলাকার বখাটে যুবকদেরকে নিয়ে ভয়-ভীতি ও হুমকি প্রর্দশন সহ অসামাজিক কাজে লিপ্ত রয়েছেন। এতে উক্ত এলাকার পরিবেশ নষ্ট সহ আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি হচ্ছে। পত্রে বর্ণিত অভিযোগগুলো সর্ম্পকে তথ্যানুসন্ধান করতঃ প্রতিবেদন দাখিলের নিমিত্ত জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | - | - | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নির্দেশ দেয়া হয়। উক্ত নির্দেশনা অনুযায়ী ইজারাদার অঙ্গীকার করেছেন যে, যাত্রীদের নিকট হতে অতিরিক্ত টোল/শুল্ক আদায় করবেন না। ইজারাদার কর্তৃক কর্তৃপক্ষের রেইট চার্ট অনুযায়ী যাত্রীদের নিকট হতে টোল/শুল্ক আদায় করার প্রতিশ্রুতি দেয়ায় এবং বিষয়টি কর্তৃপক্ষের সংশ্লিষ্ট মাঠ দপ্তর কর্তৃক মনিটরিং করার প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ২৫/১১/২০২১ইং তারিখে উক্ত অভিযোগটি নিষ্পন্ন করা হয়। | | | | |

মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

মোঃ আব্দুর রাজ্জাক
উপ-পরিচালক (মানব সম্পদ)

এস এম শাহেদ রেজা
যুগ্ম-পরিচালক (মানব সম্পদ)

স্বাক্ষর-
নামঃ মুহাম্মদ আবু জাফর হাওলাদার
পদবীঃ পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)
অভিযোগ, নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোনঃ ০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইলঃ dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট-লাইন-১৬১১৩